

**প্রাথমিক শিক্ষা বোর্ড
গঠন করা হবে : প্রাথমিক
ও গণশিক্ষা প্রতিমন্ত্রী**

প্রতিদিনী, গাজীপুর

প্রাথমিক ও গণশিক্ষা প্রতিমন্ত্রী মো. মোতাহার হোসেন এমপি বলেছেন, প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষা দেশের সর্ববৃহৎ পাবলিক পরীক্ষা। চতুর্থবারের মতো এবারের পরীক্ষায় সাড়ানেশে ২৯ লাখ পরীক্ষার্থী অংশ নিচ্ছে। প্রথমবারের চেয়ে এবারে ১১ লাখ পরীক্ষার্থী বেড়েছে। কোন বোর্ড ছাড়াই চলাছে এ পরীক্ষা। দেশের ৫০০টি উপজেলা বোর্ড হিসেবে কাজ করছে। তবে সুষ্ঠুভাবে এ পরীক্ষা অনুষ্ঠানের জন্য শিক্ষা বোর্ড গঠন করার প্রক্রিয়া চলছে। প্রাথমিক পর্যায়ে জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমিতে জনদল বাড়িয়ে একে বোর্ডের আদলে পড়ে তোলা হবে। উপজেলা পরিবর্তন করে উন্নয়ন মূল্যায়ন শেষে ২৫ দিনের মধ্যে ফলাফল প্রকাশ করা হবে। তিনি বৃহস্পতিবার গাজীপুর সদরের পুর্নাইল আদর্শ উচ্চ বিদ্যালয় পরিদর্শন শেষে উপস্থিত সাংবাদিকদের বিভিন্ন প্রশ্নের জবাবে এসব কথা বলেন। এ সময় উপস্থিত ছিলেন ওই মহল্লাপাশের সচিব এম এম নিয়াজ উদ্দিন, সদর উপজেলার নির্বাহী কর্মকর্তা ফৌজিয়া রহমান, হোনা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা মালবিকা জৈনিক, সহকারী কমিশনার (ভূমি) শাহীনুর ইসলাম প্রমুখ। মন্ত্রী আরও জানান, শিক্ষার্থীদের বইয়ের বোঝা কমাতে ২০১৩ শিক্ষা বর্ষে আগের চেয়ে ৫৫ পৃষ্ঠা কমানো হয়েছে। ১ জানুয়ারি ২০১৩ একযোগে সাড়ানেশে প্রথম থেকে পঞ্চম শ্রেণী পর্যন্ত সব শিক্ষার্থীর হাতে নতুন বই তুলে দেয়া হবে। এ লক্ষ্যে স্থিতোমাধো সব জেলায় বই পৌঁছে দেয়া হচ্ছে। সার্বজনীন প্রাথমিক শিক্ষা কার্যক্রমের জন্য শিক্ষার্থীদের মধ্যে বৃত্তি, উপবৃত্তি ও দুপুরের খাবার দেয়া হচ্ছে।